বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
সিডনী, অস্ট্রেলিয়া

নং বিসিজি/সিড/এড/ দিবস উদ্‌যাপন/২০২৯-১৫৮/২৯ ১৪ ফেব্রুয়ারি ২০২৫

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, সিডনী যথাযথ মর্যাদায় 'তারুণ্যের উৎসব ২০২৫' উদ্‌যাপন করে। উক্ত অনুষ্ঠানে অস্ট্রেলিয়ার সিডনীতে অবস্থিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী বিশেষ করে তথ্য ও প্রযুক্তি বিশেষজ্ঞ তরুণরা স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করে। বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়। পরবর্তীতে জুলাই বিপ্লব ২০২৪-এ শাহাদাৎ বরণকারী ছাত্র-জনতাদের স্মরণে ০১ মিনিট নিরবতা পালন করা হয়। তারুণ্যের উৎসবে আগত তরুণদের মধ্য হতে আগামীর বাংলাদেশ বির্নিমার্ণের নিমিত্ত তারুণ্যের ভাবনা নিয়ে উম্মুক্ত আলোচনার জন্য আহ্বান জানানো হলে বেশ কয়েকজন তরুণ আগামী বাংলাদেশ বির্নিমাণে তাদের পরামর্শ ও প্রত্যাশা ব্যক্ত করেন।

০২। প্রথমেই ম্যাকুয়ারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবিয়াস মাহমুদ তার বক্তব্যে সম্প্রতি ছাত্র-জনতার বিপ্লবের মাধ্যমে বৈষম্যহীন দেশ গড়ার ক্ষেত্রে এক অভূতপূর্ব সুযোগ সৃষ্টি হয়েছে। তাছাড়া তিনি তার বক্তব্যে জবাবদিহিতা নিশ্চিতকরণ, ক্ষমতার যথাযথ ব্যবহার, রাজনৈতিক শিষ্টাচার বজায় রাখা,ন্যায় বিচার প্রতিষ্ঠা করা,ভয়ভীতিহীন নির্বাচন আয়োজন করা, রাজনৈতিক দলসমূহের মধ্যে সৌহাদ্যপূর্ণ আলোচনা, রাষ্ট্রীয় সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং রাষ্ট্রীয় নীতি নির্ধারণে তরুণদের সম্পৃক্তকরণের মাধ্যমে নতুন বাংলাদেশ গড়া সম্ভব বলে মতামত ব্যক্ত করেন।

সিডনী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অপর শিক্ষার্থী রাফসান এলাহী তার বক্তব্যে বলেন, সাম্প্রতিক ছাত্র-জনতার আন্দোলনের মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ শক্তিশালী করণ, রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিতকরণ ও শিক্ষা সংস্কার অত্যন্ত জরুরী। তিনি ভবিষ্যৎ বাংলাদেশ গড়ার ক্ষেত্রে দুর্নীতি ও অসমতা দূরীকরণের আহ্বান জানান।

সিডনী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইসরার তাবেন্দা হাসান তার বক্তব্যে বর্তমান উপদেষ্টা পরিষদে ছাত্রদের উপস্থিতি আশাব্যঞ্জক এবং পরবর্তী সংসদেও তরুণদের উপস্থিতি কামনা করেন।

০৩। কনসাল জেনারেল তার বক্তব্যে তরুণদের 'তারুণ্যের উৎসব-২০২৫' অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি দেশীয় সংস্কৃতি বিদেশের মাটিতে তুলে ধরা, বাংলাদেশের ভাবমুর্তি উজ্জল করার জন্য তরুণদের প্রতি আহ্বান জানান।

০৪। তারুণ্যের উৎসব অনুষ্ঠানে আগত তরুণদের মধ্য থেকে কবিতা আবৃত্তি ও দেশাত্ববোধক গান পরিবেশন করা হয়। পরিশেষে আগত অতিথিবৃন্দের জন্য হালকা আপ্যয়নের আয়োজনের মাধ্যমে অনুষ্ঠানে সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫। মিশন কর্তৃক আয়োজিত তারুণের উৎসব-২০২৫ এর ছক মোতাবেক একটি প্রতিবেন নিম্নে দেওয়া হলো:

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব (উপদেষ্টা/সচিব/অন্যান্য
তারুণ্যের উৎসব-২০২৫	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	-
উম্মুক্ত আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	-	-	-	১১	২০	৩১	-

০৬। আয়োজিত অনুষ্ঠানের ছবি (০৪) সংযুক্ত করা হলো।

১৪/০২/২০২৫
(মোহাম্মদ জাহাঙ্গীর আলম খান রানা)
কনসাল

পরিচালক (জনকূটনীতি)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা


AIR
MAX


এসো দেশ বদলাই
পৃথিবী বদলাই
তারুণ্যের
উৎসব ২০২৫
নতুন বাংলাদেশ
গড়ার লক্ষ্যে
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, সিডনী
AIR
MAX


এসো দেশ বদলাই
পৃথিবী বদলাই
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, সিডনী


এসো দেশ বদলাই
পৃথিবী বদলাই
তারুণ্যের
উৎসব ২০২৫
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
1000
1000